গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০ জুন, ২০১৭

সূচিপত্র

গণপূর্ত অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১ : গণপূর্ত অধিদপ্তরের রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্তফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ :কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩:কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

গণপূর্ত অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Public Works Department)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা:

- সাম্প্রতিক বছরসমূহের **(৩বছর)** প্রধান অর্জনসমূহঃ গণপূর্ত অধিদপ্তর মূলত: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ ২৬টি মন্ত্রণালয়ের সরকারি বিভিন্ন অফিস ভবন, বাসভবন ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। এ ধরনের চলমান কাজের মধ্যে কতিপয় কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সাফল্যের সাথে সম্পন্ন করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্য, বর্তমানে জাতীয় সংসদ ভবনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪৪৮ টি ফ্ল্যাট, সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য ৭৬টি ফ্ল্যাট নির্মাণ কাজ, শেরেবাংলা নগরে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ভবন, বাংলা একাডেমি ভবন নির্মাণ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল বিশেষায়িত হাসপাতাল এবং নার্সিং কলেজ নির্মাণ, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ, ন্যাশনাল ইনস্টিটিউট আব নিউরো সায়েন্সেস নির্মাণ, জাতীয় ইএনটি ইনস্টিটিউট নির্মাণ, ঢাকা মেডিকেল কলেজ আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প, ২৫০ শয্যা বিশিষ্ট শহীদ শেখ আবু নাছের স্পেশালাইজড হাসপাতাল, খুলনা এর উর্দ্ধমূখী সম্প্রসারণ কাজ, ১০০ শয্যা বিশিষ্ট বেগম শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল এবং ট্রেনিং সেন্টার নির্মাণ, গোপালগঞ্জ, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ এবং হাসপাতাল নির্মাণ, কিশোরগঞ্জ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ, পুলিশ বিভাগের টাওয়ার ভবনসহ বিভিন্ন থানা ভবন নির্মাণ, বিভিন্ন RAB কমপ্লেক্স নির্মাণ, বিভিন্ন জলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ, মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ ইত্যাদি সহ ভুমিকম্পে ঝুকিপূর্ণ ভবনসমূহের নিরাপত্তা নিশ্চিত করণের জন্য দক্ষ জনবল তৈরির উদ্দ্যেশে CNCRP এর একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। অপরদিকে এ অধিদপ্তরের নিয়মিত কর্মকান্ড হিসেবে গত অর্থ বছরে বহিভুক্ত সরকারি অফিস ভবন এবং বাসভবনসমূহের প্রায় ৭১ লক্ষ বর্গ মিটার প্লিন্থ এরিয়ার বিভিন্ন প্রকার সংরক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হয়। সরকারি কেনাকাটায় ইতিমধ্যে ই-জিপি চালু করা হয়েছে। আগামী অর্থবছরে শতভাগ ই-জিপি চালু করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

সমস্যাসমূহ

- ডিপিপি অনুমোদনে দীর্ঘ প্রক্রিয়া।
- জমি অধিগ্রহনে জটিলতা।
- কাজের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ হারে অর্থ বরাদ্দ না পাওয়া।
- নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদানকারী সংস্থার সমন্বয়হীনতা।
- প্রত্যাশী কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তরের মধ্যে কতিপয় ক্ষেত্রে সমন্বয়হীনতা।
- নির্মান সামগ্রীর মূল্য বৃদ্ধির সাথে প্রকল্প ব্যয়ের সমন্বয় সাধন না হওয়া।
- পর্যাপ্ত জনবলের অভাব পাশাপাশি বিদ্যমান জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষনের স্বল্পতা।
- প্রকৌশলীদের সর্বশেষ প্রযুক্তিনির্ভর প্রশিক্ষণের সীমিত সুযোগ।

চ্যালেঞ্জসমূহ

- প্রকল্প গ্রহণের পর জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে সময়ের প্রয়োজন হয় ফলে নির্দিষ্ট সময়ে প্রকল্প শুরু করা সম্ভব হয়না। এতে প্রকল্প ব্যয় ও সময় দুটোই বেড়ে যায়। এছাড়াও নির্দিষ্ট সময়ে অর্থ বরাদ্দ প্রাপ্তিতে বিলম্ব হয়। নির্মাণ সামগ্রীর ব্যয় বৃদ্ধির কারনেও প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়। ফলে অনুমোদিত প্রকল্প ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্ত করা গণপূর্ত অধিদপ্তরের জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া বিপুল সংখ্যক কর্মকর্তা কর্মচারীদের জন্য পর্যাপ্ত আবাসিক ভবন এবং অফিস নির্মাণ গণপূর্ত অধিদপ্তরের একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎপরিকল্পনা

- ঢাকা এবং অন্যান্য বিভাগীয় শহরে সরকারি কর্মকর্তাদের আবাসিক সমস্যা সমাধানের জন্য আবাসিক ভবন এবং সম্প্রসারিত কর্মপরিবেশের চাহিদা পূরণের লক্ষ্যে বিবেচনাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহের তালিকাঃ
    - জাতীয় সচিবালয় কমপ্লেক্স নির্মাণ। (প্রকল্পের স্থান- শেরেবাংলা নগর, ঢাকা)
    - কর্মচারী কল্যান বোর্ড ভবন (কল্যান ভবন) নির্মাণ। (প্রকল্পের স্থান- দিলকুশা, ঢাকা)
    - বিভাগীয় সদর দপ্তর, রংপুর। (প্রকল্পের স্থান- রংপুর)
    - পাবনা জেলা কালেক্টরেট ১০ তলা ভিত বিশিষ্ট ৬ তলা (নতুন) ভবন নির্মাণ । (প্রকল্পের স্থান- পাবনা)

- জেলা পর্যায়ে একই ভবন থেকে সরকারী সেবা প্রদানের লক্ষ্যে বহুতল ভবন নির্মাণ। (প্রকল্পের স্থান- নোয়াখালী, ব্রাক্ষণবাড়িয়া)
- ঢাকাস্থ বেইলী ড্যাম্প অফিসার্স কোয়ার্টার ক্যাম্পাসে সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ। (প্রকল্পের স্থান- বেইলী রোড, ঢাকা)
- ঢাকাসহ আজিমপুর সরকারী কলোনীতে বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ। (প্রকল্পের স্থান- আজিমপুর, ঢাকা)
- চট্টগ্রামের আগ্রাবাদস্থ সিজিএস কলোনীতে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্প। (প্রকল্পের স্থান- আগ্রাবাদ, চট্টগ্রাম)
- নোয়াখালী সদরে ৫টি অফিসার্স কোয়ার্টার ভবন নির্মাণ। (প্রকল্পের স্থান- নোয়াখালী)
- ঢাকার মহাখালীতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে ৪৬৬২টি ফ্ল্যাট সম্বলিত বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ। (প্রকল্পের স্থান- মহাখালী, ঢাকা)
- ভবন সুরক্ষা এবং দুর্যোগ ঝুঁকি প্রতিরোধ কারিগরী প্রকল্প। (প্রকল্পের স্থান- ঢাকা, চট্টগ্রাম ও সিলেট)
- পরিবেশ বান্ধব জ্বালানীবিহীন ইট প্রসত্মত করণ প্রকল্প। (প্রকল্পের স্থান- নারায়নগঞ্জ)
- এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্প বাস্তবায়ন কাজ।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১০.০০ লক্ষ বর্গফুট আবাসিক ভবন ২.২৫ লক্ষ বর্গফুট হোস্টেল ডরমিটরী নির্মিত হবে। বিভিন্ন সরকারী দপ্তরের জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ১.৭৪ লক্ষ বর্গফুট অফিস স্পেস, ৮ কিলোমিটার অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা হবে। তাছাড়াও সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে ৫০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন করা হবে এবং ১০টি ডিপ-টিউবওয়েলসহ ১টি এসটিপি স্থাপন করা হবে। প্রায় ৩০০০ বর্গফুট পুরাতন স্থাপনা রেট্রোফিটিং এর মাধ্যমে ভুমিকম্প সহনীয় করা হবে। একই সাথে ৭৪ লক্ষ বর্গমিটার সরকারী স্থাপনার মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা হবে।

উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের দায়িত্বে নিয়োজিত প্রধান প্রকৌশলী

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় -এর মধ্যে ২০১৭ সালের জুন মাস ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :